# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৩৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - হাঁচি দেয়া এবং হাই তোলা

بَاب الْعُطَاسِ وَالتَّثَاؤُبِ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيُّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : «إِذَا تَثَاءَبَ أَحَدُكُمْ فَلْيَمْسِكْ بِيَدِهِ عَلَى فَمه فإِنَّ الشيطانَ يدخلُ» . رَوَاهُ مُسلم

বাংলা

৪৭৩৭-[৬] আবূ সা’ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমাদের কারো হাই আসে, সে যেন নিজের হাত মুখের উপর রাখে। কেননা শয়তান মুখে প্রবেশ করে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৫৭-(২৯৯৫), আবূ দাঊদ ৫০২৬, সহীহুল জামি‘ ৪২৬, ৪২৭, সহীহ আল আদাবুল মুফরাদ ৭৩১, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ১১৩৪, মুসান্নাফ ‘আবদুর রাযযাক ৩৩২৫, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ৭৯৮১, মুসনাদে আহমাদ ১১৩৪১, মুসনাদে আবূ ইয়া‘লা ১১৬২, সহীহ ইবনু খুযায়মাহ্ ৯১৯, সহীহ ইবনু হিব্বান ২৩৬০, শু‘আবুল ঈমান ৯৩৬৮, দারিমী ১৩৮২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৩৭২০, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৭৬২৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসে উল্লেখিত একটি বাক্য (فإِنَّ الشيطانَ يدخلُ) এর উদ্দেশ্য এটাও হতে পারে যে, শয়তান প্রকৃতভাবেই মানুষের মুখে প্রবেশ করে। কেননা শয়তান আল্লাহ তা‘আলার নিকট অনুমিত নিয়েছে যে, আদম সন্তানের শিরা উপশিরায় চলাচলের ক্ষমতা দেয়া হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75461

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন